কানাডাকে ৩-০ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে মরক্কো



ছবি: সংগৃহীত

আজ্জেদিন উনাহির দুর্দান্ত জোড়া গোলে বিশ্বকাপের শেষ ষোলোর বাধা পেরিয়েছে মরক্কো। কানাডাকে ৩-০ ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে জায়গা করে নিয়েছে আফ্রিকার দলটি।

শনিবার (৪ জুলাই) বাংলাদেশ সময় রাত ১১টায় হিউস্টনের এনআরজি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে শুরুটা ছিল কানাডার দাপটে। প্রথমার্ধে একাধিক আক্রমণ শানায় সহ-আয়োজকরা। ম্যাচের ১০ মিনিটেই দারুণ এক সেভ করে মরক্কোকে নিশ্চিত গোলের হাত থেকে রক্ষা করেন গোলরক্ষক ইয়াসিন বুনু। মরক্কোও কয়েকটি সুযোগ তৈরি করলেও কোনো দলই গোলের দেখা পায়নি। ফলে বিরতিতে যায় গোলশূন্য সমতায়।

দ্বিতীয়ার্ধে বদলে যায় ম্যাচের চিত্র। ৫০তম মিনিটে ফ্রি-কিক থেকে আশরাফ হাকিমির পাস পেয়ে বক্সের বাইরে থেকে জোরালো শটে জাল খুঁজে নেন আজ্জেদিন উনাহি। সেই গোলেই এগিয়ে যায় মরক্কো।

গোল শোধে মরিয়া হয়ে ওঠে কানাডা। তবে আক্রমণে উঠে এসে উল্টো আরও বিপদ ডেকে আনে তারা। ৮২তম মিনিটে দ্রুতগতির পাল্টা আক্রমণে ব্রাহিম দিয়াজের বাড়ানো বল থেকে নিজের দ্বিতীয় গোল করেন উনাহি, যা মরক্কোর ব্যবধান দ্বিগুণ করে।

যোগ করা সময়ে শেষ পেরেকটি ঠোকেন সুফিয়ান রাহিমি। তার নিখুঁত ফিনিশিংয়ে ৩-০ গোলের জয় নিশ্চিত হয় মরক্কোর।

শেষ পর্যন্ত আর ম্যাচে ফিরতে পারেনি কানাডা। রক্ষণভাগ ভাঙার বেশ কয়েকটি চেষ্টা করলেও সফল হয়নি তারা। অন্যদিকে, শৃঙ্খলিত রক্ষণ আর কার্যকর আক্রমণে দাপুটে জয় নিয়েই শেষ আটের টিকিট নিশ্চিত করে মরক্কো।

আগামী ১০ জুলাই বাংলাদেশ সময় রাত ১০টায় কোয়ার্টার ফাইনালে ফ্রান্সের মুখোমুখি হবে মরক্কো।